গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
গবেষণা উইং

www.brri.gov.bd

## ১১ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত ট্রেনিং অপারেশন সেল (টিওসি) কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মোঃ রফিকুল ইসলাম<br>পরিচালক (গবেষণা) (রুটিন দায়িত্ব, ব্রি, গাজীপুর ) |
| সভার তারিখ | ১১ জুন ২০২৬ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | পরিচালক (গবেষণা) মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | ১। ড. আমিনুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা), (রুটিন দায়িত্ব), ব্রি, সদস্য<br>২। ড. মো: শাহাদাত হোসেন, সিএসও এবং প্রধান, প্রশিক্ষণ বিভাগ, ব্রি, সদস্য<br>৩। ড. মো: ইব্রাহিম, সিএসও এবং প্রধান, ধান ভিত্তিক খামার বিন্যাস বিভাগ, ব্রি, সদস্য<br>৪। ড. নীলুফার ইয়াসমিন শেখ, এসএসও, টিওসি, ব্রি, সদস্য<br>৫। ড. মো: নজরুল ইসলাম, এসএসও, টিওসি, ব্রি, সদস্য |

সভার প্রারম্ভে সভার সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ড. নীলুফার ইয়াসমিন শেখ, সদস্য, টিওসি কমিটি সভার আলোচ্য সূচী-সমূহ উপস্থাপন করেন। সভার আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় ও অলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | কৃষি মন্ত্রণালয়ের পত্র নং- ১২.০০.০০০০.০০০.০৭৩.২৪.১৫৩.২১.১৭৭, তারিখ:২০ মে, ২০২৬ খ্রি. মোতাবেক জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (FAO) কর্তৃক "100 FAO Women Heroes in Agrifood Systems and Rural Development" উদ্যোগের আওতায় কৃষি-খাদ্য ব্যবস্থা ও গ্রামীণ উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখা নারীদের সম্মাননা প্রদানের জন্য মনোনয়ন প্রদান প্রসঙ্গে।<br>মনোনয়ন চেয়ে কৃষি মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রটি সকল বিভাগ ও আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা হলে বিভাগীয় প্রধান ও কার্যালয় প্রধানগণ নিম্নলিখিত তিনজন বিজ্ঞানীকে, নারী বিজ্ঞানী ও প্রযুক্তি উদ্ভাবক ক্যাটাগরিতে নাম প্রস্তাব করেন।<br>১. ড. শরিফা সুলতানা দীপ্তি, সিএসও এবং প্রধান, শস্যমান ও পুষ্টি বিভাগ<br>২. ড. মাহমুদা খাতুন, সিএসও এবং প্রধান, ব্রি আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ<br>৩. ড. জান্নাতুল ফেরদৌস, এসএসও, বায়োটেনোলজি বিভাগ<br>উপরোক্ত প্রস্তাবের বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | পত্রে মনোনয়ন প্রার্থীর সংখ্যা উল্লেখ না থাকায় ব্রি হতে উক্ত তিনজন বিজ্ঞানীকেই, নারী বিজ্ঞানী ও প্রযুক্তি উদ্ভাবক ক্যাটাগরিতে মনোনয়ন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নথিতে উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেনিং অপারেশন সেল (টিওসি) |

| | | | |
|---|---|---|---|
| ০২। | গত ০৪.০৬.২০২৬ খ্রি. তারিখে, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাকৃবি) এর গ্র্যাজুয়েট ও আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের Adjunct Faculty হওয়া এবং এমএস ও পিএইচডি ছাত্র-ছাত্রীদের গবেষণা কাজে সুপারভাইজ করার অনুমতি চেয়ে ড. মো: ইসমাইল হোসেন, চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ হতে ডি-নথি (ডাক) মারফত প্রেরিত মহাপরিচালক বরাবর আবেদন পত্র প্রসঙ্গে।<br><br>উল্লেখ্য যে, তিনি ইতিপূর্বে তিনবার (গাকৃবিতে অটাম, ২০০৮ টার্মে, সামার ২০১০ টার্মে এবং অটাম ২০২২ টার্মে STT 520, Sampling and Surveys শীর্ষক কোর্স শিক্ষাদানের জন্য স্নাতোকোত্তর পর্যায়ে Adjunct Faculty হিসেবে ব্রি হতে অনুমতিপ্রাপ্ত হয়ে অংশগ্রহণ করেছিলেন।<br><br>আরও উল্লেখ্য যে, ব্রির বিজ্ঞানীদের কোনো বিশ্ববিদ্যালয়ে Adjunct Faculty হিসেবে অংশগ্রহণ এর বিষয়ে সুনির্দিষ্ট কোন নীতিমালা নেই। তবে গাকৃবি এর আইন, ১৯৯৮ (১৬ নং আইন) - সংশোধন আইন ২০২৬ -এ উল্লেখ আছে যে, "বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা: (ঙ) বিশ্ববিদ্যালয়ের স্বার্থে অন্যান্য বিশ্ববিদ্যালয়সহ জাতীয় ও আন্তর্জাতিক কৃষিশিক্ষা, গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান, পেশাদার সংগঠন ও সংস্থাকে সহযোগীতা প্রদান এবং উহাদের সহযোগীতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও বহিরাঙ্গন কার্যক্রমের উন্নয়ন, সম্প্রসারণ ও বাস্তবায়ন করা"। | সভার সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:<br>১. বিশ্ববিদ্যালয় হতে Adjunct Faculty (সুনির্দিষ্ট টার্মে) হওয়ার আমন্ত্রণপত্র প্রাপ্তি সাপেক্ষে বিজ্ঞানীদের এতে অংশগ্রহণের জন্য ব্রি কর্তৃপক্ষ হতে অনুমতি নিতে হবে।<br>২. উপরোক্ত অনুমতির জন্য আবেদনে স্নাতোকোত্তর পর্যায়ের সুনির্দিষ্ট কোর্স -এর নাম উল্লেখ করতে হবে।<br>৩. শুধুমাত্র স্নাতোকোত্তর পর্যায়ে Adjunct Faculty হিসেবে অংশগ্রহণের জন্য ব্রি হতে অনুমতি প্রদান করা যেতে পারে।<br>৪. বিশ্ববিদ্যালয়ে এমএস ও পিএইচডি ছাত্র-ছাত্রীদের গবেষণা কাজে সুপারভাইজ করার জন্য ব্রি হতে অনুমতির জন্য আবেদনের ক্ষেত্রে, বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আমন্ত্রণ পত্র সংযুক্তি সহ বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট এর নাম, ছাত্র-ছাত্রীদের নাম, আইডি নম্বর, সেশন, গবেষণার মেয়াদ ইত্যাদি তথ্য উল্লেখ করতে হবে।<br>৫. ড. মো: ইসমাইল হোসেন, চীফ সাইন্টিফিক অফিসার ও প্রধান, কৃষি পরিসংখ্যান বিভাগ হতে প্রেরিত মহাপরিচালক বরাবর আবেদন পত্রটির ক্ষেত্রে, শুধুমাত্র স্নাতোকোত্তর পর্যায়ে সুনির্দিষ্ট টার্মে Adjunct Faculty হিসেবে অনুমতি প্রদানের জন্য বিবেচনা করার প্রস্তাব করা যেতে পারে এবং পরবর্তী সিদ্ধান্তের জন্য মহাপরিচালক বরাবর নথি প্রেরণ করা যেতে পারে। | ব্রির সকল বিজ্ঞানী/ টিওসি |
| ০৩। | বিবিধ:<br>অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা, প্রশিক্ষণ, সেমিনার ও সভার জন্য ব্রিতে চলমান মনোনয়ন প্রক্রিয়া প্রসঙ্গে পর্যালোচনা।<br>ব্রিতে চলমান মনোনয়ন প্রক্রিয়া:<br>১. উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত সকল প্রস্তাবনা মন্ত্রণালয়ে প্রেরণের সময় জনপ্রশাসন প্রশিক্ষণ ও উচ্চশিক্ষা নীতিমালা, ২০২৩ যথাযথভাবে অনুসরণ করা হয়।<br>২. অভ্যন্তরীণ প্রশিক্ষণ, সেমিনার ও সভায় মনোনয়নের জন্য প্রাপ্ত পত্রের বিষয় মোতাবেক সংশ্লিষ্ট বিভাগ ও আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করলে সেখান হতে বিভাগীয় প্রধান কর্তৃক প্রেরিত মনোনয়ন বিবেচনা করে চূড়ান্ত মনোনয়নের সিদ্ধান্ত নেয়া হয়।<br><br>৩. বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার ও সভার জন্য মনোনয়নে একাধিক প্রার্থীর ক্ষেত্রে, টিওসি কমিটির সভার মাধ্যমে সিদ্ধান্ত নিয়ে মনোনয়ন প্রদান করা হয়। পত্রে উল্লিখিত সময়ের স্বল্পতা থাকলে, ব্রির উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দ্রুততার সাথে মনোনয়ন প্রদান করা হয়। | সভায় উপস্থিত সকলে, ব্রি'তে চলমান মনোনয়ন প্রক্রিয়া অনুসারে গুরুত্বের সাথে বিধি মোতাবেক মনোনয়ন প্রদানের প্রতি সহমত ব্যক্ত করেন। | ট্রেনিং অপারেশন সেল (টিওসি) |

**পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।**

**সংযুক্তিঃ**

(১) উপস্থিতির তালিকা

গত ০৪.০৬.২০২৬ খ্রি. তারিখে, গাজীপুর কৃষি
বিশ্ববিদ্যালয় (গাকৃবি) এর গ্র্যাজুয়েট ও আন্ডার
গ্র্যাজুয়েট প্রোগ্রামের Adjunct Faculty হওয়া
এবং এমএস ও পিএইচডি ছাত্র-ছাত্রীদের গবেষণা

১৬-০৬-২০২৬
ড. মোঃ রফিকুল ইসলাম
পরিচালক (গবেষণা) (রুটিন দায়িত্ব, ব্রি, গাজীপুর )
ফোন : ০১৭২৫৩৯৫৭৪৯
ফ্যাক্স : ৪৯২৭২০০০
ইমেইল : directorresearchbrri@yahoo.com

তারিখ: ২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৬ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.২২.০০০০.০০০.০০২.১০.০০০১.২৪.১৫৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) (রুটিন দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
২। বিভাগীয় প্রধান, সকল গবেষণা বিভাগ, ব্রি, গাজীপুর।।
৩। প্রধান, সকল আঞ্চলিক কার্যালয়, ব্রি।।
৪। চিফ সাইন্টিফিক অফিসার, ধান ভিত্তিক খামার বিন্যাস , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৫। চিফ সাইন্টিফিক অফিসার , কৃষি পরিসংখ্যান , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৬। চীফ সাইন্টিফিক অফিসার, প্রশিক্ষণ , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৭। সিনিয়র সাইন্টিফিক অফিসার (টিওসি), গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৮। সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন), প্রশাসন সদর দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
৯। সহকারী পরিচালক (প্রশাসন), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
১০। পিএ (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।
১১। উচ্চমান সহকারী, গবেষণা উইং, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট।

১৬-০৬-২০২৬
ড. নিলুফার ইয়াসমিন শেখ
সিনিয়র সাইন্টিফিক অফিসার (টিওসি)

গত ০৪.০৬.২০২৬ খ্রি. তারিখে, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাকৃবি) এর গ্র্যাজুয়েট ও আন্ডার গ্র্যাজুয়েট প্রোগ্রামের Adjunct Faculty হওয়া এবং এমএস ও পিএইচডি ছাত্র-ছাত্রীদের গবেষণা